

সেন্টিমেন্ট

▣ অর্ণব ভট্টাচার্য্য

খামের পালকে মোড়া এই আচ্ছাদন
ছুচ্ছে তোমার ক্লাস্ত দেহ
কলম হাতে পাতায় পাতায় ছুটছ তুমি
স্পর্শ করছো সেই বিরহ
বহুদিনের বিষ লেগে আছে কণ্ঠে
গালাগাল দিয়ে টানছো বর্ডার
জবাব বন্দি হয়েছে পুরোনো খামে
তবুও করছে সারেভার
চোখের নাগালে জমে আছে ডিপ্রেসন
তাই কাঁটা পড়েছে ডানা
কতদিন আর ঠোঁটে ঠোঁট কামড়াবে
ফাঁস হবে মোড়কের আড়ালে সেই ইম্প্রেশন
হাতের কলম লোহার শেকলে বন্দি
না হয় করবো না কোনো কমিটমেন্ট
আবার এগিয়ে আসবো
কারণ আমার নেই কোনো সেন্টিমেন্ট।